গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৯৫/২০১৮-১৯
ঢাকা, সোমবার ১২ নভেম্বর ২০১৮, ২৮ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সব দল নির্বাচনে : স্বাগত জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করাই সরকারের উদ্দেশ্য : যুবলীগের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রী

৩। সারাদেশে নির্বাচনি আমেজ : চলছে মনোনয়ন ফরম সংগ্রহ

৪। নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নেওয়ায় ঐক্যফ্রন্টকে অভিনন্দন স্বাস্থ্যমন্ত্রীর

৫। নির্বাচনকে খাটো করে দেখার সুযোগ নেই : এলজিআরডিমন্ত্রী

৬। মাদকের ব্যাপারে সমাজের দাবির বিষয়টি বিচারকদের বিবেচনায় নিতে হবে : আইনমন্ত্রী

৭। স্যাটেলাইট উৎক্ষেপণ করে প্রধানমন্ত্রী দেশের সুনাম বাড়িয়েছেন : পরিবেশ উপমন্ত্রী

৮। অস্ট্রেলিয়ায় বঙ্গবন্ধু এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিচ্ছবি সংবলিত ডাকটিকিট প্রকাশ

৯। অটিজমবিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ পুতুল ইউনেস্কো জুরি বোর্ডের সভাপতি নির্বাচিত

১০। নির্বাচন পেছানো হবে কি না সিদ্ধান্ত আজ : সিইসি

১১। বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ভাতা প্রদানের ঘোষণা দেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ

১২। আগামীকাল থেকে সারাদেশে শুরু হচ্ছে আয়কর মেলা

চলমান পাতা-২

১।	**সব দল নির্বাচনে : স্বাগত জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে যাচ্ছে উল্লেখযোগ্য সব রাজনৈতিক দল ও জোট। নির্বাচনে অংশগ্রহণ করা না করার প্রশ্নে সবচেয়ে বেশি অনিশ্চয়তা ছিল সরকারবিরোধী প্রধান জোট জাতীয় ঐক্যফ্রন্টকে নিয়ে। ঘোষিত তফসিল বাতিল করে ভোট এক মাস পেছানোর দাবি জানিয়ে গতকাল ভোটে যাওয়ার আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছে ঐক্যফ্রন্ট। বিএনপি'র নেতৃত্বাধীন ২০ দলও নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা দিয়েছে। আটটি বাম দলের সমন্বয়ে গঠিত বাম গণতান্ত্রিক জোটও ভোটে অংশ নেওয়ার কথা জানিয়েছে। ফলে নিবন্ধিত, অনিবন্ধিত, ডান, বাম ও ইসলামী সংগঠন কেউ আর ভোটের বাইরে থাকছে না। এর মধ্য দিয়ে দেশে সব দলের অংশগ্রহণের মধ্য দিয়ে আপাতত একটি অংশগ্রহণমূলক নির্বাচনের আবহ তৈরি হলো। জাতীয় ঐক্যফ্রন্টের নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১১ নভেম্বর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের সংসদীয় মনোনয়ন বোর্ডের সভায় স্বাগত বক্তব্যে প্রধানমন্ত্রী বলেছেন, নির্বাচনে সব দলের অংশগ্রহণ গণতন্ত্র ও উন্নয়নের ধারাকে শক্তিশালী করবে। নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নেওয়ার জন্য সব রাজনৈতিক দলকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, জনগণের রায়ের প্রতিফলন ঘটাতে আমরা একসঙ্গে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২।	**অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করাই সরকারের উদ্দেশ্য :**
**যুবলীগের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রী**

দেশের উন্নয়ন ধারাবাহিকতা অক্ষুণ্ন রাখতে আগামী নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করাই তাঁর সরকারের লক্ষ্য। সব দলের অংশগ্রহণে নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের গণতন্ত্র আরও শক্তিশালী হয়ে উন্নয়ন বেগবান হবে। গণতন্ত্র জোরদার ও অব্যাহত উন্নয়নের স্বার্থে তাঁর সরকারের লক্ষ্য হচ্ছে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষতার সাথে অনুষ্ঠান নিশ্চিত করা। যুবলীগের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল (১১ নভেম্বর রোববার) গণভবনে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

৩।	**সারাদেশে নির্বাচনি আমেজ : চলছে মনোনয়ন ফরম সংগ্রহ**

সারাদেশে নির্বাচনি আমেজ বিরাজ করছে। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়নপত্র কেনা ও জমা দেওয়া যাবে আজ (১২ নভেম্বর সোমবার) সন্ধ্যা ৬টা পর্যন্ত। গতকাল (১১ নভেম্বর রোববার) বঙ্গবন্ধু এভিনিউস্থ দলের কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে দলের সংসদীয় বোর্ডের সভাশেষে দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এ তথ্য জানিয়ে বলেন, মনোনয়ন প্রত্যাশী সবার সাক্ষাৎকার গ্রহণ করা হবে আগামী ১৪ নভেম্বর বেলা ১১টা থেকে। গতকাল সন্ধ্যা পর্যন্ত ফরম ক্রয় করেছেন ৪ হাজার ৩৫ জন মনোনয়ন প্রত্যাশী।

এদিকে একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আজ (১২ নভেম্বর সোমবার) দলীয় মনোনয়ন ফরম বিক্রি শুরু করবে বিএনপি। গতকাল (১১ নভেম্বর রোববার) বিকেলে এক জরুরি সংবাদসম্মেলন বিএনপি'র জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, সোমবার ও মঙ্গলবার এ দু'দিন বিএনপি'র মনোনয়ন ফরম বিক্রি হবে এবং মঙ্গল ও বুধবার এ দু'দিন মনোনয়ন ফরম জমা দেওয়া যাবে।

এছাড়া জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে দলীয় মনোনয়ন ফরম বিক্রি শুরু করেছে জাতীয় পার্টি (জাপা)। গতকাল (১১ নভেম্বর রোববার) সকাল থেকে ৩০০ আসনেই মনোনয়ন ফরম বিক্রি শুরু করে দলটি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১),।

৪।	**নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নেওয়ায় ঐক্যফ্রন্টকে অভিনন্দন স্বাস্থ্যমন্ত্রীর**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নেওয়ায় জাতীয় ঐক্যফ্রন্টকে অভিনন্দন জানিয়েছেন। গতকাল (১১ নভেম্বর রোববার) রাজধানীর মহাখালীতে বাংলাদেশ কলেজ অভ্ ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনসের মিলনায়তনে আয়োজিত 'ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট অভ্ থ্যালাসেমিয়া'

বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ অভিনন্দন জানান। ডিসেম্বরে সাত হাজার চিকিৎসক নিয়োগ পাবেন উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'সারাদেশের চিকিৎসা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে আমরা যে সাত হাজার চিকিৎসক নিয়োগ দেওয়ার অঙ্গীকার করেছিলাম তা ডিসেম্বরের মধ্যেই সম্পন্ন হবে। এ চিকিৎসকরা দেশের প্রত্যন্ত অঞ্চলে কাজ করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১০,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

**৫। নির্বাচনকে খাটো করে দেখার সুযোগ নেই : এলজিআরডিমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে খাটো করে দেখার কোনো সুযোগ নেই। যুবলীগের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ফরিদপুর জেলা যুবলীগ আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে মন্তব্য করে তিনি বলেন, নির্বাচনকে হালকা করে ভাবার সুযোগ নেই। আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। যেকোনো পরিস্থিতি মোকাবিলার জন্য প্রস্তুত থাকতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৬। মাদকের ব্যাপারে সমাজের দাবির বিষয়টি বিচারকদের বিবেচনায় নিতে হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সমাজ বিচারকদের কাছ থেকে অনেক কিছু আশা করে। সমাজের অনেক সমস্যা আছে যেগুলো সমাজকে খেয়ে ফেলছে। পরিবারকে ধ্বংস করে দিচ্ছে। তিনি বলেন, একটি পরিবারকে ধ্বংস করে দেওয়ার জন্য পরিবারের শুধু একজন সদস্য মাদকাসক্ত হওয়াই যথেষ্ট। এ কারণে মাদকের ব্যাপারে সরকারের অবস্থান অত্যন্ত কঠোর। তাই প্রশিক্ষণ শেষে বিচারকদের নিজ নিজ অধিক্ষেত্রে ফিরে গিয়ে মাদকের ব্যাপারে সমাজের দাবি ও অবস্থার কথা বিবেচনা করে ব্যবস্থা নিতে হবে। গতকাল (১১ নভেম্বর রোববার) বিচার প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে চিফ জুডিসিয়াল ও চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটদের জন্য আয়োজিত চতুর্থ অরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৭। স্যাটেলাইট উৎক্ষেপণ করে প্রধানমন্ত্রী দেশের সুনাম বাড়িয়েছেন : পরিবেশ উপমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা ভিশন টোয়েনটি টোয়েনটি ওয়ান বাস্তবায়ন হতে চলছে। ডিজিটাল বাংলাদেশ গড়তে তিনি (প্রধানমন্ত্রী) ও তাঁর তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় আপ্রাণ চেষ্টা করে যাচ্ছেন। মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ করে বাংলাদেশের সুনাম বাড়িয়েছেন তাঁরা। গতকাল (১১ নভেম্বর রোববার) ভোলার চরফ্যাশনে ব্রজগোপাল টাউন হলে যুবলীগের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

**৮। অস্ট্রেলিয়ায় বঙ্গবন্ধু এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিচ্ছবি সংবলিত ডাকটিকিট প্রকাশ**

অস্ট্রেলিয়ার সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিচ্ছবি সংবলিত পৃথক দু'টি ডাকটিকিট সরকারিভাবে প্রকাশ করেছে। ডাকটিকিটের মূল্য অস্ট্রেলিয়ান মুদ্রায় ১ ডলার নির্ধারণ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮)।

**৯। অটিজমবিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ পুতুল ইউনেস্কো জুরি বোর্ডের সভাপতি নির্বাচিত**

অটিজমবিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ পুতুল ইউনেস্কোর আন্তর্জাতিক জুরি বোর্ডের মিটিংয়ে সভাপতি নির্বাচিত হয়েছেন। গত ১০ নভেম্বর শনিবার ফ্রান্সের প্যারিসে বাংলাদেশ দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। জানা যায়, মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ সায়মা ওয়াজেদ পুতুল আগামী দুই বছর জুরি বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮)।

=৪=

**১০। নির্বাচন পেছানো হবে কি না সিদ্ধান্ত আজ : সিইসি**

জাতীয় ঐক্যফ্রন্টসহ বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে একাদশ জাতীয় সংসদ নির্বাচন পেছানোর দাবি প্রসঙ্গে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, নির্বাচন পেছানো হবে কি হবে না, সে বিষয়ে আজ (১২ নভেম্বর সোমবার) সিদ্ধান্ত নেওয়া হবে। গতকাল (১১ নভেম্বর রোববার) রাজধানীর

আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**১১। বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ভাতা প্রদানের ঘোষণা দেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রায় সাড়ে পাঁচ লাখ এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীকে ৫% বার্ষিক প্রবৃদ্ধি ও বৈশাখী ভাতা প্রদানের ঘোষণা দেওয়ায় মাধ্যমিক স্কুল শিক্ষা জাতীয়করণ লিয়াজোঁ কমিটির নেতৃবৃন্দ এক বিবৃতিতে তাঁকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (পৃ.১০,ক.৮)।

**১২। আগামীকাল থেকে সারাদেশে শুরু হচ্ছে আয়কর মেলা**

করের আওতা বাড়াতে আগামীকাল **১৩** নভেম্বর মঙ্গলবার থেকে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সপ্তাহব্যাপী আয়কর মেলা শুরু হবে। সকাল **১০**টায় এ মেলার উদ্বোধন করবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল (**১১** নভেম্বর রোববার) এনবিআরের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদসম্মেলনে এ তথ্য জানান এনবিআরের চেয়ারম্যান মোশাররফ হোসেন ভুঁইয়া। এ সময় এনবিআর চেয়ারম্যান জানান, রাজধানী ঢাকাসহ সারাদেশে একযোগে মেলা অনুষ্ঠিত হবে। তবে ঢাকাসহ সকল বিভাগীয় শহরে এ মেলা চলবে **১৯** নভেম্বর পর্যন্ত। জেলা শহরগুলোতে ৪দিন এবং উপজেলাগুলোতে দু'দিন এ মেলা অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **সমকাল, যায়যায়দিন, যুগান্তর, সংবাদ, এশিয়ান এজ, ডেইলি সান :** একাদশ জাতীয় সংসদ নির্বাচন সব দলের অংশগ্রহণে হতে চলেছে এ তথ্যে স্বস্তি প্রকাশ করে নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **বনিক বার্তা :** দেশে খাদ্যনিরাপত্তা আইনের খসড়া তৈরি হওয়ায় তা ইতিবাচক উল্লেখ করে অর্থনৈতিক প্রবৃদ্ধির সুষ্ঠু বন্টনের দিকে নজর দেওয়ার সুপারিশ।

গ. **ভোরের কাগজ, যায়যায়দিন, নিউজ টুডে :** ঢাকার অদূরে আশুলিয়ায় বৃদ্ধ বাবাকে বাস থেকে নামিয়ে দিয়ে মেয়েকে দুর্বৃত্তরা হত্যা করে লাশ ফেলে দেওয়ার ভয়ংকর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে যত দ্রুত সম্ভব এ ঘটনার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঘ. **সংবাদ :** অপরাধের সাথে জড়িয়ে পড়া শিশুদের সংশোধনকেন্দ্রে পাঠানোর পরিবর্তে কারাগারে পাঠানোর অভিযোগ পাওয়া যাচ্ছে উল্লেখ করে সংশোধনকেন্দ্রে শিশু কিশোর ও কিশোরীদের মুক্ত পরিবেশে পুনর্বাসনের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের সর্বস্তরের গ্রামীণ জনগোষ্ঠীর চিকিৎসাসেবা দেওয়ার ক্ষেত্রে কমিউনিটি ক্লিনিকের অবদান অনেক উল্লেখ করে চিকিৎসাসেবা বাড়াতে কমিউনিটি ক্লিনিকগুলোর আরও আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ নেশন :** শিক্ষার্থীদের ইংরেজি শিক্ষায় দক্ষ করে তুলতে বিদ্যালয়গুলোতে যোগ্যতাসম্পন্ন ইংরেজি শিক্ষক নিয়োগদানের সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত **'খেলাপি ঋণ হ্রাসে সুশাসন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খেলাপি ঋণ হ্রাস করতে অনিয়ম ও দুর্নীতিমুক্ত ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্ব দিতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা